

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড
ব্রাঞ্চেস কন্ট্রোল এন্ড জেনারেল ব্যাংকিং ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

আন্তঃ অফিস মেমো

প্রতি :	১. ডিভিশন/বিভাগীয় প্রধান, প্রধান কার্যালয়স্থিত সকল ডিভিশন/বিভাগ, ২. আঞ্চলিক প্রধান, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম এবং ৩. শাখা প্রধান, সকল শাখা এবং এসএমই/কৃষি শাখা সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড বাংলাদেশ।	হইতে :	ব্যবস্থাপনা পরিচালক সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় ঢাকা।
অনুলিপি :		সূত্র :	এসআইবিএল/প্রঃকাঃ/বিসিজিবিডি/২০১৩/৭৪৩(ক)
বিষয় :	২০১৩ ইং সালে ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মানি লভারিং ও সন্ত্রাসে অর্থাৎ প্রতিরোধ বিষয়ক বাণী (message) প্রচার প্রসঙ্গে।	তারিখ :	২৫-০৪-২০১৩ ইং

মুহতারাম

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড এর সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীগণের উদ্দেশ্যে ২০১৩ ইং সালের জন্য মানি লভারিং ও সন্ত্রাসে অর্থাৎ প্রতিরোধ বিষয়ক নিম্নলিখিত বাণী (message) প্রদান করা হলো:

“যেহেতু মানি লভারিং ও সন্ত্রাসে অর্থাৎ ব্যাংকিং খাত তথা দেশের অর্থনীতিকে ঝুঁকিপূর্ণ করতঃ দেশের উন্নয়ন কর্মকাণ্ডকে বাধাগ্রস্ত করে সেহেতু মানি লভারিং ও সন্ত্রাসে অর্থাৎ প্রতিরোধে কেন্দ্রীয় পরিপালন ইউনিটের নির্দেশনার যথাসময়ে যথাযথভাবে পরিপালন নিশ্চিত করা এবং শাখা পরিপালন ইউনিটকে সর্বতোভাবে সহযোগিতা করা ব্যাংকের সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব। মানি লভারিং প্রতিরোধ আইন ২০১২, সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন ২০০৯-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত সকল নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিতকরণে এবং রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেডে কর্মরত সকল নির্বাহী, কর্মকর্তা বা কর্মচারী নিজ নিজ দায়িত্ব সম্পর্কে সচেতন থেকে মানি লভারিং ও সন্ত্রাসে অর্থাৎ প্রতিরোধে ২০১৩ সনে যথাযথ কার্যকর ভূমিকা পালন করবে এটা আমার প্রত্যাশা।”

ব্যাংকের সর্বোচ্চ নির্বাহী কর্তৃক প্রদত্ত আলোচ্য বাণী (message) প্রতিজন নির্বাহী, কর্মকর্তা এবং কর্মচারীগণকে আবশ্যিকভাবে মর্মার্থ অনুধাবন, অনুসরণ ও যথাযথ বাস্তবায়ন নিশ্চিতের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের ডিভিশন/বিভাগে/কার্যালয়ে/শাখায়/এসএমই ও কৃষি শাখায় ভবিষ্যতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিদর্শনকালে যাচিত হলে আলোচ্য বাণীটি প্রদর্শন করার নির্দেশনা প্রদান করা হলো।

মা-আসসালাম

আপনাদের বিশ্বস্ত

(মোঃ শফিকুর-রহমান)

ব্যবস্থাপনা পরিচালক